



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
আইইবি ভবন (৬ষ্ঠ ও ৭ম তলা), রমনা, ঢাকা-১০০০
ওয়েব সাইট: www.berc.org.bd

গণ-বিজ্ঞপ্তি

নং- ২৮.০১.০০০০.০১২.১৪.০০৯.২৫.০৯২

তারিখ: ২২ পৌষ ১৪৩২
০৬ জানুয়ারি ২০২৬

বিষয়ঃ বাপেক্স এর অধীনস্থ ভোলার শাহবাজপুর গ্যাস ক্ষেত্রের প্রাকৃতিক গ্যাস সুন্দরবন গ্যাস এর মাধ্যমে বেসরকারি উদ্যোক্তা কর্তৃক এলএনজি আকারে নদীপথে পরিবহনপূর্বক তিতাস গ্যাস এর অধিক্ষেত্রাধীন শিল্প প্রতিষ্ঠানে সরবরাহের নিমিত্ত ভোক্তাপর্যায়ে ভোলার প্রাকৃতিক গ্যাসের মূল্যহার নির্ধারণ/পুনর্নির্ধারণ সংক্রান্ত পেট্রোবাংলা, সুন্দরবন গ্যাস এবং তিতাস গ্যাস এর প্রস্তাবসমূহের বিষয়ে আগ্রহী পক্ষের গণশুনানি।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ অনুযায়ী বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা), তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি (তিতাস গ্যাস) এবং সুন্দরবন গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (সুন্দরবন গ্যাস) বাপেক্স এর অধীনস্থ ভোলার শাহবাজপুর গ্যাস ক্ষেত্রের প্রাকৃতিক গ্যাস সুন্দরবন গ্যাস এর মাধ্যমে বেসরকারি উদ্যোক্তা কর্তৃক এলএনজি আকারে নদীপথে পরিবহনপূর্বক তিতাস গ্যাস এর অধিক্ষেত্রাধীন শিল্প প্রতিষ্ঠানে সরবরাহের নিমিত্ত ভোক্তাপর্যায়ে ভোলার প্রাকৃতিক গ্যাসের মূল্যহার, সুন্দরবন গ্যাস এর ডিস্ট্রিবিউশন চার্জ এবং তিতাস গ্যাস এর সার্ভিস চার্জ নির্ধারণ/পুনর্নির্ধারণের জন্য কমিশনে প্রস্তাব দাখিল করেছে। উক্ত প্রস্তাবসমূহ পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য এতদসম্পর্কে কমিশন কর্তৃক গঠিত কারিগরি মূল্যায়ন টিম এর সুপারিশ অনুযায়ী ইতোমধ্যে কমিশন কর্তৃক গৃহীত হয়েছে।

০২। বর্ণিত প্রস্তাবসমূহের বিষয়ে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ৩৪(৬) এবং বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (প্রাকৃতিক গ্যাস বিতরণ ট্যারিফ) প্রবিধানমালা, ২০১০ অনুযায়ী নিম্নবর্ণিত স্থান ও সময়সূচি অনুযায়ী আগ্রহী পক্ষগণের গণশুনানি অনুষ্ঠিত হবে:

গণশুনানির বিষয়	গণশুনানির তারিখ ও সময়	গণশুনানির স্থান
বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা), তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি (তিতাস গ্যাস) এবং সুন্দরবন গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (সুন্দরবন গ্যাস) কর্তৃক দাখিলকৃত ভোলার শাহবাজপুর গ্যাস ক্ষেত্রের প্রাকৃতিক গ্যাস সুন্দরবন গ্যাস এর মাধ্যমে বেসরকারি উদ্যোক্তা কর্তৃক এলএনজি আকারে নদীপথে পরিবহনপূর্বক তিতাস গ্যাস এর অধিক্ষেত্রাধীন শিল্প প্রতিষ্ঠানে সরবরাহের নিমিত্ত ভোক্তাপর্যায়ে ভোলার প্রাকৃতিক গ্যাসের মূল্যহার, সুন্দরবন গ্যাস এর ডিস্ট্রিবিউশন চার্জ এবং তিতাস গ্যাস এর সার্ভিস চার্জ নির্ধারণ/পুনর্নির্ধারণের প্রস্তাব।	২৭ জানুয়ারি ২০২৬ সকাল ১০:০০ টা - বিকাল ০৫:০০ টা	কমিশনের শুনানিকক্ষ আইইবি ভবন (৬ষ্ঠ তলা) রমনা, ঢাকা-১০০০

০৩। আগ্রহী ব্যক্তি বা প্রতিষ্ঠান বা সংস্থা-কে ২৫ জানুয়ারি ২০২৬ তারিখের মধ্যে গণশুনানি-পূর্ব লিখিত বক্তব্য/মতামত কমিশনে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। অধিকন্তু, গণশুনানিতে অংশগ্রহণের নিমিত্ত ২২ জানুয়ারি ২০২৬ তারিখের মধ্যে কমিশনে নাম তালিকাভুক্তির জন্যও অনুরোধ করা হ'ল।

০৪। তালিকাভুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান বা সংস্থা উল্লিখিত তারিখে অনুষ্ঠিত গণশুনানিতে অংশগ্রহণপূর্বক উপরে বর্ণিত লাইসেন্সীসমূহের প্রস্তাবের বিষয়ে বিশ্লেষণধর্মী তথ্য-উপাত্ত ও সংশ্লিষ্ট দলিলাদি উপস্থাপন করতে পারবেন।

০৫। প্রাকৃতিক গ্যাসের মূল্যহার পুনর্নির্ধারণের বর্ণিত প্রস্তাবসমূহের অনুলিপি অফিস চলাকালীন কমিশন কার্যালয় থেকে সংগ্রহ করা যাবে। এছাড়া কমিশনের ওয়েব সাইট www.berc.org.bd থেকেও ডাউনলোড করা যাবে।

০৬। নির্ধারিত গণশুনানিতে অংশগ্রহণ বা উপযুক্ত প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল।

কমিশনের নির্দেশক্রমে,


মোঃ নজরুল ইসলাম সরকার

সচিব, বিইআরসি।

ফোন: ০২-২২৬৬৪০৯০৫